

## রাবির কেন্দ্রীয় গ্রন্থাগারে ইউজিসির বরাদ্দ সোয়া তিন কোটি টাকা

### ■ রাজশাহী অফিস

উচ্চশিক্ষার মানোন্নয়ন প্রকল্প বা হেকপ থেকে সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) গ্রন্থাগারের সামগ্রিক উন্নয়নের জন্য ৩ কোটি ৩০ লাখ টাকা বরাদ্দ দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)। কিন্তু দীর্ঘদিন ধরে নষ্ট শিক্ষক-শিক্ষার্থীদের পাঠ কক্ষের শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রটি মাত্র ২ লাখ টাকা ব্যয়ে মেরামত করছে না কর্তৃপক্ষ। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, তিনতলাবিশিষ্ট রাবি কেন্দ্রীয় গ্রন্থাগারে মোট ১৭টি এসি রয়েছে।

এসিগুলো গ্রন্থাগারের দ্বিতীয়তলার সাধারণ ও বিজ্ঞান পাঠকক্ষ, দুপ্রাপ্য শাখা, তৃতীয়তলার পত্রিকা কক্ষ, ম্যাগাজিন শাখা এবং কম্পিউটার ল্যাব কক্ষে স্থাপিত। তবে গত মার্চে এসিগুলোর অধিকাংশ নষ্ট হয়ে যায়। বর্তমানে

কম্পিউটার ল্যাব, পত্রিকা কক্ষ ও প্রশাসকের অফিস ছাড়া আর কোথাও এসি কাজ করে না।

ইউজিসি কেন্দ্রীয় গ্রন্থাগারের অবকাঠামো ও উন্নয়ন কাজের জন্য হেকপ ফান্ড থেকে ৩ কোটি ৩০ লাখ টাকা দেয়। ওই টাকায় একজন সহকারী গ্রন্থাগারিকের অফিসসহ বেশ কিছু কাজও শুরু হয়েছে। প্রকৌশল দপ্তর সূত্রের মতে, কেন্দ্রীয় গ্রন্থাগারের নষ্ট এসিগুলো সচল করতে মাত্র ২ লাখ টাকা প্রয়োজন। কিন্তু গ্রন্থাগার প্রশাসন শিক্ষার্থীদের লেখাপড়ার কক্ষের এসি মেরামতের উদ্যোগ নেয়নি। প্রশাসকের অফিসের এসি সচল থাকায় কোনো সমস্যা হচ্ছে না। উপ-উপাচার্য প্রফেসর চৌধুরী সারওয়ার জানান বলেন, এসি নষ্টের বিষয়টি জানান পর সেগুলো দ্রুত মেরামতের নির্দেশ দিয়েছি।